গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিচালক, সম্প্রসারণ-এর দপ্তর
প্রাণিসম্পদ অধিদপ্তর
কৃষিখামার সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫।

নং◌ঃ ৩৩.০১.০০০০.২০০.০০৬.০০১.১৫.৩৮৫ তারিখঃ ০৪/০৪/২০১৬ খ্রিঃ

মহাপরিচালক

প্রাণিসম্পদ অধিদপ্তর

বাংলাদেশ, ঢাকা ।

বিষয়ঃ প্রাণিসম্পদ অধিদপ্তরের ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী প্রসঙ্গে ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গত ৩১.০৩.২০১৬ তারিখ পরিচালক (সম্প্রসারণ) এর সভাপতিত্বে প্রাণিসম্পদ অধিদপ্তরের ইনোভেশন টিমের একটি সভা অনুষ্ঠিত হয় । কর্মকর্তাদের তালিকাসহ উক্ত সভার কার্যবিবরণী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরিত হলো।

সংযুক্তিঃ
১. সভার কার্যবিবরণী- দুই পৃষ্ঠা

স্বাক্ষরিত/
(বিশ্বজিৎ ভট্টাচার্য্য)
পরিচালক (সম্প্রসারণ)
ও
সভাপতি, ইনোভেশন টিম, প্রাণিসম্পদ
অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।

জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপিঃ

১ । ডাঃ মোঃ সহিদুল ইসলাম, উপপরিচালক (প্রাণিস্বাস্থ্য ও প্রশাসন-১), প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
২ । মোঃ আবু তাহের মৃধা, উপপরিচালক (প্রাণিস্বাস্থ্য ও প্রশাসন-২), প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা(আমন্ত্রিত সদস্য)।

৩ । ডাঃ মোঃ রফিকুল ইসলাম, প্রকল্প পরিচালক, সিডিএমপি-২, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।

৪ । ড. মোঃ আবু সুফিয়ান, অতিরিক্ত জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, যশোর, সমন্বয়কঃ ইনোভেশন টিম, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।

৫ । মোঃ সোহরাব হোসেন, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি ও সার্ভার শাখা, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।

৬ । অভিজিত কুমার মোদক , বৈজ্ঞানিক কর্মকর্তা, এলই শাখা, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।

প্রাণিসম্পদ অধিদপ্তরের ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী

সভাপতি	বিশ্বজিৎ ভট্টাচার্য্য, পরিচালক (সম্প্রসারণ), প্রাণিসম্পদ অধিদপ্তর
তারিখ	৩১/০৩/২০১৬ খ্রিঃ
সময়	সকাল ৯:৩০ ঘটিকা
স্থান	পরিচালক-এর অফিস কক্ষ

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকাঃ

ক্রমিক নং	কর্মকর্তার নাম ও পদবী	স্বাক্ষর
০১.	ডাঃ মোঃ সহিদুল ইসলাম, উপপরিচালক (প্রাণিস্বাস্থ্য ও প্রশাসন-১), প্রাণিসম্পদ অধিদপ্তর ও সদস্য, ইনোভেশন টিম	স্বাক্ষরিত
০২.	মোঃ আবু তাহের মৃধা, উপপরিচালক (প্রাণিস্বাস্থ্য ও প্রশাসন-২), প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা(আমন্ত্রিত সদস্য)।	স্বাক্ষরিত
০৩.	ডাঃ মোঃ রফিকুল ইসলাম , প্রকল্প পরিচালক, সিডিএমপি-২, প্রাণিসম্পদ অধিদপ্তর ও সদস্য, ইনোভেশন টিম	স্বাক্ষরিত
০৪.	ড. মোঃ আবু সুফিয়ান, অতিরিক্ত জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, যশোর, সমন্বয়কঃ ইনোভেশন টিম, প্রাণিসম্পদ অধিদপ্তর	স্বাক্ষরিত
০৫.	মোঃ সোহরাব হোসেন, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি ও সার্ভার শাখা প্রাণিসম্পদ অধিদপ্তর ও সদস্য সচিব, ইনোভেশন টিম	স্বাক্ষরিত
০৬.	অভিজিত কুমার মোদক , বৈজ্ঞানিক কর্মকর্তা, এলই শাখা, প্রাণিসম্পদ অধিদপ্তর	স্বাক্ষরিত

সভাপতি মহোদয় উপিস্থত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম আরম্ভ করেন। তিনি জানান প্রাণিসম্পদ অধিদপ্তর কর্তৃক উদ্ভাবিত ‘‘ইউনিয়ন প্রাণিসম্পদ সেবাকেন্দ্র প্রতিষ্ঠা’’ শীর্ষক উদ্যোগটি মাননীয় প্রধানমন্ত্রী কার্যালয়ের এটুআই প্রোগ্রাম কর্তৃক ব্যাপক প্রশংসা অর্জন করেছে। উদ্ভাবনী উদ্যোগটি মূখ্য সচিব, প্রধানমন্ত্রী কার্যালয়ের সঞ্চালনায় গত ১৯/০১/২০১৬ তারিখে ‘‘জনসেবায় উদ্ভাবন’’ বিষয়ক সোশ্যাল মিডিয়া সংলাপে উপস্থাপন করা হয় এবং প্রশংসিত হয়। পরবর্তীতে উদ্ভাবনী উদ্যোগটি রেপ্লিকেট করার জন্য গত ০৪/০২/২০১৬ তারিখে সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় একটি নির্দেশনা প্রদান করেন। এই নির্দেশনার আলোকে প্রাণিসম্পদ অধিদপ্তর ‘‘ইউনিয়ন প্রাণিসম্পদ সেবাকেন্দ্র প্রতিষ্ঠা ’’ শীর্ষক উদ্যোগটি ০৮টি বিভাগের ০৮টি নির্বাচিত উপজেলার ০১টি করে ইউনিয়নে পাইলট কার্যক্রম গ্রহণের লক্ষ্যে কর্মসূচী প্রস্তুতপূর্বক প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করে। এই পত্রের আলোকে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় ২৩/০৩/২০১৬ তারিখের স্মারক নং-৩৩.০০.০০০০.১১৭.৯৯.০০২.১৬-২৫ পত্রের মাধ্যমে উদ্যোগটি বাস্তবায়নের প্রাক্কলিত ব্যয় ১৭.৮৪ (সতের লক্ষ চুরাশি হাজার) টাকা অধিদপ্তরের নিজস্ব খাত (উন্নয়ন/অনুন্নয়ন)হতে কার্যক্রম চালিয়ে নেয়ার জন্য নির্দেশনা প্রদান করে।

সমন্বয়ক, ইনোভেশন কমিটি সভায় জানান, উদ্যোগটি মাঠ পর্যায়ে রেপ্লিকেশনের জন্য ০৮টি রেফ্রিজারেটর, ০৮টি কিটবক্স, ০৮টি এনড্রয়েড মোবাইর ফোন, ফার্নিচার ও অন্যান্য আনুষ্ঠানিক জিনিসের প্রয়োজন। এ জিনিসগুলি কিভাবে সরবরাহ করা হবে সে সংক্রান্ত বিষয়ে সভায় আলোচনার আহবান জানান।

উপপরিচালক (প্রশাসন) ও সদস্য ইনোভেশন কমিটি সভায় জানান, উপপরিচালক (কেন্দ্রীয় ষ্টোর)টেলিফোনে জানান যে, উদ্যোগটি বাস্তবায়নের জন্য যথাযথ কর্তৃপক্ষ হতে নির্দেশনা পেলে রেফ্রিজারেটর ও কিটবক্স মাঠ পর্যায়ে সরবরাহের ব্যবস্থা করা যেতে পারে। উপপরিচালক (প্রশাসন) আরও জানান, নির্বাচিত ইউনিয়নে ফার্নিচার সরবরাহের জন্য সংশ্লিষ্ট জেলার প্রাণিসম্পদ কর্মকর্তা, সংশ্লিষ্ট বিভাগীয় উপপরিচালক এর সাথে পরামর্শক্রমে ব্যবস্থা গ্রহণ করবেন।

উপপরিচালক (হিসাব ও বাজেট)ও আমন্ত্রিত সদস্য সভায় জানান, উদ্যোগটি রেপ্লিকেশনের জন্য বাজেট সংক্রান্ত সকল নির্দেশনা মাঠ পর্যায়ে প্রেরনের ব্যবস্থা নেওয়া হবে। তিনি সভায় জানান, ইউনিয়ন নির্বাচনের ক্ষেত্রে

সংশ্লিষ্ট বিভাগীয় উপপরিচালক, জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা এবং উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা আলোচনা করে সিদ্ধান্ত গ্রহণ করবেন।

ডাঃ মোঃ রফিকুল ইসলাম, সদস্য, ইনোভেশন টিম সভায় জানান, উদ্ভাবনী উদ্যোগটি মাঠ পর্যায়ে সম্প্রসারনের জন্য সকল তথ্যাদি পুনরায় বিশ্লেষন পূর্বক প্রেরণ করার জন্য মতামত প্রদান করেন।

ইনোভেশন কমিটির সদস্য অভিজিৎ কুমার মোদক, স্বেচ্ছাসেবী নির্বাচনের জন্য উপপরিচালক (কৃত্রিম প্রজনন) মহোদয়ের সহায়তা নেওয়ার উপর মতামত প্রদান করেন।

উপপরিচালক (প্রশাসন) জানান, ইনোভেশন উদ্যোগটি মাঠ পর্যায়ে বাস্তবায়নের জন্য অন্যান্য আনুষাঙ্গিক খরচ মেটানোর নিমিত্ত উপপরিচালক(হিসাব ও বাজেট)প্রয়োজনীয় নির্দেশনা মাঠ পর্যায়ে প্রেরণের ব্যবস্থা নিতে পারেন।

সমন্বয়ক,ইনোভেশন কমিটি সভায় জানান, প্রস্তুতকৃত কর্মসূচিটিতে ময়মনসিংহ বিভাগের জন্য ভুলবশতঃ কিশোরগঞ্জ জেলাকে নির্বাচন করা হয়। খুলনা বিভাগের জেলা নির্বাচনের ক্ষেত্রে কুষ্টিয়ার পরিবর্তে খুলনা জেলাকে নির্বাচন করার জন্য সভায় উপস্থাপন করা হয়। সভাপতি মহোদয়, কিশোরগঞ্জ জেলার পরিবর্তে ময়মনসিংহ জেলার সদর উপজেলা নির্বাচনের জন্য মত প্রদান করেন। খুলনা বিভাগে, খুলনা জেলার ডুমুরিয়া উপজেলা নির্বাচনের জন্য সভায় মতামত প্রদান করা হয়।

২। এতদবিষয়ে আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহীত হয়ঃ-

১) উদ্ভাবনী উদ্যোগটির জন্য রেফ্রিজারেটর ও কিটবক্স সরবরাহের লক্ষ্যে উপপরিচালক (কেন্দ্রীয় ষ্টোর)-কে পত্র প্রেরণ করা যেতে পারে। উপপরিচালক (হিসাব ও বাজেট) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

২) ফার্নিচার ও অন্যান্য আনুষ্ঠানিক খরচ মেটানোর জন্য সংশ্লিষ্ট বিভাগীয় উপপরিচালক, সংশ্লিষ্ট জেলার বাজেটে সংস্থানের ব্যবস্থা নিবেন। উপপরিচালক (হিসাব ও বাজেট) মাঠ পর্যায়ে দিক নির্দেশনা প্রদান করবেন।

৩) ইউনিয়ন নির্বাচনের ক্ষেত্রে বিভাগীয় উপপরিচালক, সংশ্লিষ্ট জেলা ও উপজেলা কর্মকর্তাগন সিদ্ধান্ত গ্রহণ করবে। উপপরিচালক (প্রশাসন) দিক নির্দেশনা প্রদান করবেন।

৪) ময়মনসিংহ বিভাগের জন্য ময়মনসিংহ জেলার সদর উপজেলা এবং খুলনা বিভাগের জন্য খুলনা জেলার ডুমুরিয়া উপজেলা নির্বাচনের সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মধ্য দিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

স্বাক্ষরিত/

(বিশ্বজিৎ ভট্টাচার্য্য)
পরিচালক (সম্প্রসারণ)ও
সভাপতি, ইনোভেশন টিম,

প্রাণিসম্পদ অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।